



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট
মানিক মিয়া এ্যাভিনিউ, ঢাকা-১২০৭
www.bjri.gov.bd

কৃষি সমৃদ্ধি

ফোন : ৯১১০৮৬৮

৮১২১৯৩১-২

ফ্যাক্স : ৮৮০২-৯১১৮৪১৫

ই-মেইল : bjriinfo@yahoo.com

সভার কার্যবিবরণী

বিষয় : গত ২০-০৯-২০১৬ তারিখে বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট এর ইনোভেশন কমিটির সভার কার্যবিবরণী।

সভার তারিখ	: ২০-০৯-২০১৬ খ্রিঃ
সময়	: সকাল ১১:০০ ঘটিকা
স্থান	: সিএসও, প্রজনন বিভাগের কার্যালয়, বিজেআরআই।
সভাপতি	: ড. চন্দন কুমার সাহা, সিএসও, প্রজনন বিভাগ।
উপস্থিত কর্মকর্তাবৃন্দ	: পরিশিষ্ট- ক

সভার প্রারম্ভে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে জনাব আহাম্মদ আলী, সিস্টেম এনালিস্ট, বিজেআরআই ইনোভেশন কর্মকাণ্ডে গত ২০১৫-১৬ সালে বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করতে গিয়ে সভাকে অবহিত করেন যে, গত অর্থ বছরে ক) হেল্প ডেস্ক স্থাপন এবং খ) পাট, কেনাফ ও মেস্তার জাতের তথ্যসমৃদ্ধ একটি বাংলায় মোবাইল এ্যাপস প্রস্তুত করা হয়েছে এবং সেবা কার্যক্রম দু'টি চলমান আছে। তিনি সভাকে আরও অবহিত করেন যে, কৃষি মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক গত অর্থ বছরের ন্যায় ২০১৬-১৭ অর্থ বছরেও অনুরূপ ২টি কার্য বিজেআরআই-কে সম্পাদন করতে হবে। সিস্টেম এনালিস্ট সভাকে আরও অবহিত করেন যে, ২০১৬-১৭ অর্থ বছরে বার্ষিক কর্মপরিকল্পনা সমঝোতা স্মারক অনুযায়ী বিজেআরআই-কে অনলাইন সেবা পরিকল্পনার আওতায় একটি এবং সেবা প্রক্রিয়া সহজীকরণের আওতায় একটি সেবার কার্যক্রম আবশ্যিকভাবে সম্পাদন করতে হবে। উপস্থিত সদস্যগণ বিজেআরআই এর ইনোভেশন কর্মকাণ্ডের কর্মপরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা করেন। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :


সিদ্ধান্তসমূহ :

- ১। অনলাইন সেবা পরিকল্পনার আওতায় : পাটের শিল্প বিষয়ক তথ্যসমৃদ্ধ একটি মোবাইল এ্যাপস বাংলায় প্রস্তুতকরণের কাজ গ্রহণ করা যেতে পারে।
- ২। সেবা প্রক্রিয়া সহজীকরণের আওতায় : বিজেআরআই-এ একটি ডিজিটাল ডিসপ্লে বোর্ড স্থাপনের কাজ গ্রহণ করা যেতে পারে।

গত ২১-০৯-২০১৬ তারিখে কৃষি মন্ত্রণালয়ে অনুষ্ঠিত ইনোভেশন কমিটির সভায় বিজেআরআই কর্তৃক গৃহীতব্য ২ নং সিদ্ধান্তের ব্যাপারে পুনঃ বিবেচনার অনুরোধ করেন। বিজেআরআই এর বীজ বিতরণ প্রক্রিয়াটি সহজীকরণের কাজ হাতে নেয়া যেতে পারে। তাই সেবা প্রক্রিয়া সহজীকরণের আওতায় নিম্নোক্ত সেবাটি গ্রহণের ব্যাপারে সভা পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ করে।

সেবা প্রক্রিয়া সহজীকরণের আওতায় : বীজ বিতরণ সহজীকরণ।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।


২০/০৯/২০১৬
(ড. চন্দন কুমার সাহা)
মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রজনন বিভাগ

ও

সভাপতি

ইনোভেশন কমিটি, বিজেআরআই।